

হিব্বুত তাহরীর, বাংলাদেশ এর
প্রধান সমন্বয়কারী ও মুখপাত্র
মহিউদ্দীন আহমেদ এর
কার্যালয়

বিসমিল্লাহির রাহমানির রাহিম
তোমাদের মধ্যে যারা বিশ্বাস করে ও সৎ কাজ করে আল্লাহ তাদের এ ওয়াদা দিয়েছেন
যে, তিনি তাদের পৃথিবীতে প্রতিদ্বন্দ্বিতা দান করবেন, যেরূপ পূর্ববর্তীদের দান
করেছিলেন আর তিনি অবশ্যই তাদের ধীনকে, যা তিনি তাদের জন্য মনোনীত
করেছেন, সুদৃঢ় করবেন এবং তাদের ভয়-ভীতির পরিবর্তে তাদের নিরাপত্তা দান
করবেন। তারা আমার ইবাদত করবে, আমার কোন অংশী করবেনা, অতঃপর যারা
অকৃতজ্ঞ হবে তারা ই ফাসেক।
[সূরা- আন নূরঃ ৫৫]



নং ১৯/২৬০৯২০০৮

২৫ রমযান, ১৪২৯ হিজরী
২৬ সেপ্টেম্বর, ২০০৮ ইং

গ্রেফতারকৃত নেতা-কর্মীরা মুক্ত না হওয়া পর্যন্ত হিব্বুত তাহরীর, বাংলাদেশ আন্দোলন অব্যাহত রাখবে

পুলিশের উস্কানি ও বাধার মুখে হিব্বুত তাহরীর, বাংলাদেশ আজ ২৬ শে সেপ্টেম্বর, ২০০৮ শুক্রবার বাদ আসর বায়তুল মোকাররম উত্তর গেটের অভ্যন্তরে রাজশাহী ও চট্টগ্রামে গ্রেফতারকৃত নেতা-কর্মীদের মুক্তির দাবিতে সমাবেশ আয়োজন করে। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, “হিব্বুত তাহরীর-এর বিরুদ্ধে কিছু কিছু মিডিয়ার অপপ্রচার একটি বৃহত্তর ষড়যন্ত্রের অংশ। আর খিলাফতের আন্দোলন খামিয়ে দেবার এই ষড়যন্ত্র কখনো সফল হবে না। রাজশাহী ও চট্টগ্রামে গ্রেফতারকৃত সকল নেতা-কর্মী মুক্ত না হওয়া পর্যন্ত হিব্বুত তাহরীর, বাংলাদেশ আন্দোলন অব্যাহত রাখবে।”

প্রধান সমন্বয়কারী ও মুখপাত্র মহিউদ্দীন আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তব্য রাখেন কাজী মোরশেদুল হক এবং সমাবেশটি পরিচালনা করেন গণসংযোগ সচিব মাওলানা মামুনুর রশিদ। সমাবেশে নেতৃবৃন্দ আরো বলেন, রমযানের প্রথম থেকে হিব্বুত তাহরীর, বাংলাদেশ'কে কেন্দ্র করে যে মিথ্যা প্রচার-প্রপাগান্ডা শুরু হয়, তার সরাসরি জবাব দেবার জন্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ রাজশাহীতে সংবাদ সম্মেলন করতে গেলে তাদেরকে পুলিশ অন্যায়ভাবে আটক করে। পরবর্তীতে প্রথম আলো-ডেইলি স্টার গং এর নেতৃত্বে হিব্বুত তাহরীর'কে জঙ্গিবাদের সাথে সংশ্লিষ্ট করার হীন উদ্দেশ্যে আরেক দফা মিথ্যা, ভিত্তিহীন ও বানোয়াট প্রপাগান্ডা শুরু হয়। উল্লেখ্য যে হিব্বুত তাহরীর রাসূল (সাঃ) এর পদ্ধতি অনুসরণ করে শান্তিপূর্ণ উপায়ে খিলাফত প্রতিষ্ঠার আন্দোলন চালিয়ে আসছে এবং জঙ্গিবাদকে অনৈসলামিক পদ্ধতি আখ্যায়িত করে বার বার প্রত্যাখ্যান করে আসছে। পৃথিবীর বিভিন্ন দেশে হিব্বুত তাহরীর'র নেতা-কর্মীদের উপর জুলুম-নির্যাতন করেও হিব্বুত তাহরীর'কে রাসূল (সাঃ) এর ইসলাম প্রতিষ্ঠার শান্তিপূর্ণ পদ্ধতি থেকে কেউ বিচ্যুত করতে পারেনি। হিব্বুত তাহরীর আপোসহীনভাবে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলন চালিয়ে আসছে। বাংলাদেশেও হিব্বুত তাহরীর সব সময় ইঙ্গ-মার্কিন-ভারতীয় ষড়যন্ত্র ও চক্রান্তের বিরুদ্ধে আন্দোলন ও রাজনৈতিক সংগ্রাম চালিয়ে আসছে। তাই তাদের এদেশীয় দোসররা সব সময় হিব্বুত তাহরীর-এর বিরুদ্ধে সক্রিয়। আজকেও রাজশাহীতে গ্রেফতারকৃত নেতা-কর্মীদের মুক্তি দাবি করে প্রচারপত্র বিলি করতে গেলে চট্টগ্রামে হিব্বুত তাহরীর, বাংলাদেশ-এর একজন কর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। কোন জুলুম-নির্যাতন হিব্বুত তাহরীরকে স্তব্ধ করতে পারবে না, এবং ষড়যন্ত্রকারীদের ষড়যন্ত্র কখনো সফল হবে না। বরং খিলাফত প্রতিষ্ঠার আন্দোলন আরো বেগবান হবে ইনশাআল্লাহ। আর যতদিন পর্যন্ত নেতা-কর্মীদের মুক্তি দেওয়া না হবে হিব্বুত তাহরীর, বাংলাদেশ ধারাবাহিকভাবে আন্দোলনের কর্মসূচী অব্যাহত রাখবে।

Mohiuddin Ahmed

Mohiuddin Ahmed
Chief Coordinator & Spokesperson
Hizb ut-Tahrir Bangladesh

এইচ, এম, সিদ্দিক ম্যানশন (৫ম তলা)
৫৫/এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
Info@khilafat.org

ফ্যাক্স : +৮৮০ ২৯৫৫৮৮৫৪

মোবাইল : +৮৮০ ১৭১৩০০৮৮২২

www.khilafat.org

www.khilafah.com